রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, অক্টোবর ২, ২০১৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**ইপ-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ১৪ আশ্বিন, ১৪২৩ বঙ্গাব্দ/২৯ সেপ্টেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং-২৯৬-আইন/২০১৬।**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১নং আইন) এর ধারা ৯৬ এর দফা (খ), ধারা ৩৮ এর উপ-ধারা (৬) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা ইউনিয়ন পরিষদ (সংরক্ষিত আসনের মহিলা সদস্যদের ক্ষমতা ও বিশেষ কার্যাবলী) বিধিমালা, ২০১৬ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) ''আইন'' অর্থ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯, (২০০৯ সনের ৬১ নং আইন);

(খ) ''ওয়ার্ড এলাকা'' অর্থ সংরক্ষিত আসনের মহিলা সদস্যগণের জন্য নির্ধারিত ওয়ার্ড এলাকা;

(গ) ''ওয়ার্ড সভা'' অর্থ আইনের ধারা ৪ এর উপ-ধারা (১) এর অধীন গঠিত ওয়ার্ড সভা;

(ঘ) ''চেয়ারম্যান'' অর্থ আইনের ধারা ২ এর দফা (১৩) তে সংজ্ঞায়িত চেয়ারম্যান;

(ঙ) ''পরিষদ'' অর্থ আইনের ধারা ২ এর দফা (৩১) এ সংজ্ঞায়িত ইউনিয়ন পরিষদ;


**মূল্য** ঃ টাকা ৪.০০

(চ) ''সংরক্ষিত আসনের সদস্য'' অর্থ পরিষদের মহিলাদের জন্য সংরক্ষিত আসন হইতে নির্বাচিত সদস্য;

(ছ) ''স্থায়ী কমিটি'' অর্থ আইনের ধারা ৪৫ এর উপ-ধারা (১) ও (২) এ উল্লিখিত কমিটি।

(২) এই বিধিমালায় অন্য যে সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহৃত হইয়াছে, কিন্তু সংজ্ঞা প্রদান করা হয় নাই, সে সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে, এই বিধিমালায়ও উক্ত অর্থ প্রযোজ্য হইবে।

**৩। ওয়ার্ড সভায় উপদেষ্টার দায়িত্ব পালন।**—সংরক্ষিত আসনের সদস্য ওয়ার্ড সভায় উপস্থিত থাকিয়া সার্বিক বিষয়ে (যেমন- সভা আয়োজন, ভোটার উপস্থিতি, প্রকল্প প্রস্তাব গ্রহণ প্রক্রিয়া, ভোটারদের মতামত প্রদানের স্বাধীনতা, মতামত প্রদান প্রক্রিয়ায় জনগণের সম্পৃক্ত হওয়া, ওয়ার্ডে বাস্তবায়িত কাজ সম্পর্কে জনগণকে অবহিত করা, কর আদায়ের বিষয়ে উদ্বুদ্ধ করা, প্রকল্প বাস্তবায়ন কাজে জনসম্পৃক্ততা বৃদ্ধি করার বিষয়ে আলোচনা, ইত্যাদি) পরামর্শ প্রদান করিবেন।

**৪। স্থায়ী কমিটির সভাপতির দায়িত্বপালন।—(১)** আইনের ধারা ৪৫ অনুযায়ী ১৩টি স্থায়ী কমিটি ও ডেপুটি কমিশনারের অনুমোদনক্রমে অতিরিক্ত স্থায়ী কমিটির মধ্যে সংরক্ষিত আসনের সদস্যগণ অন্যূন এক-তৃতীয়াংশ স্থায়ী কমিটির সভাপতি হইবেন।

**৫। উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন।**—সংরক্ষিত আসনের সদস্যগণ সংশ্লিষ্ট ওয়ার্ডে বাস্তবায়িত টেস্ট রিলিফ (টিআর), কাজের বিনিময়ে খাদ্য (কাবিখা), কাজের বিনিময়ে টাকা (কাবিটা), বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)'র উন্নয়ন বরাদ্দ, থোক বরাদ্দসহ অন্যান্য প্রকল্প বাস্তবায়নে অন্যূন এক-তৃতীয়াংশ উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি হইবেন।

**৬। চেয়ারম্যানের প্যানেল।**—আইনের ধারা ৩৩ অনুযায়ী ৩ (তিন) জন প্যানেল চেয়ারম্যানের মধ্যে কমপক্ষে ১ (এক) জন সংরক্ষিত আসনের মহিলা সদস্যগণের মধ্য হইতে নির্বাচিত হইবেন।

**৭। সংরক্ষিত আসনের সদস্যগণের দায়িত্ব।**—আইনের ধারা ৩৮ অনুযায়ী সংরক্ষিত আসনের সদস্যগণ পরিষদের সভায় সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় অংশগ্রহণ করিবে এবং নিম্নরূপ দায়িত্ব পালন করিবে, যথাঃ—

(ক) পল্লী অবকাঠামো উন্নয়ন, সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ কাজে সাধারণ আসনের সদস্যদের সাথে যৌথভাবে দায়িত্ব পালন বা প্রকল্প বাস্তবায়ন;

(খ) ওয়ার্ডের সামাজিক সংগঠন বা বেসরকারি সংস্থা (এনজিও)'দের কার্যক্রম তদারকি ও প্রযোজ্য ক্ষেত্রে সহযোগিতা প্রদান;

(গ) মহিলাদের জন্য বিভিন্ন বৃত্তিমূলক ও আয়বর্ধক কর্মসূচী (যেমন- হাঁস-মুরগি ও পশু পালন, মৎস্য চাষ, সেলাই, শাক-সব্জি চাষ ও কম্পিউটার, ইত্যাদি) প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন;

(ঘ) এলাকার নারী ও শিশু নির্যাতন এবং যৌতুক ও এসিড নিক্ষেপ নিরোধ, বাল্যবিবাহ রোধসহ বিবাহ নিবন্ধনের ব্যবস্থা গ্রহণ;

(ঙ) ওয়ার্ড এলাকার আইন-শৃংখলা রক্ষা কমিটি ও দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির উপদেষ্টার দায়িত্ব পালন করিবেন;

(চ) গ্রাম আদালতের প্রতিদ্বন্দ্বী প্রার্থীর যেকোন পক্ষের অনুরোধে বিচারক প্যানেলের সদস্য হিসেবে দায়িত্ব পালন করা;

(ছ) ওয়ার্ড এলাকায় কৃষি উৎপাদন বৃদ্ধি, বিভিন্ন আয় বর্ধক প্রকল্পের কর্মকাণ্ডে জনগণকে উদ্বুদ্ধ করিয়া উন্নয়ন প্রকল্প গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদে সুপারিশ পেশ করা;

(জ) ওয়ার্ড এলাকায় নিরক্ষরতা দূরীকরণ, পরিবার পরিকল্পনা, জনস্বাস্থ্য ও প্রাথমিক স্বাস্থ্য সেবা সম্পর্কে জনগণকে উদ্বুদ্ধ করিয়া প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে প্রয়োজনীয় সহায়তা প্রদান;

(ঝ) ওয়ার্ড এলাকায় জনগণের সম্পত্তি, (যথা-জনপথ, সরকারি স্থান, উন্মুক্ত জায়গা, উদ্যান, খেলার মাঠ, কবরস্থান, শ্মশানঘাট, সভার স্থান, সৌধ, রাস্তা, পুল, সেতু, কালভার্ট, বাঁধ, খাল, বিল, টেলিফোন, বিদ্যুৎ, গ্যাস ইত্যাদি) সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

(ঞ) ওয়ার্ড এলাকায় স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন নির্মাণ ও ব্যবহারে জনগণকে উদ্বুদ্ধকরণ;

(ট) ওয়ার্ড এলাকায় খেলাধুলার উন্নয়ন, পাঠাগারের ব্যবস্থা, জাতীয় দিবস পালনের ব্যবস্থা, শরীর চর্চা এবং সাংস্কৃতিক কর্মকাণ্ডে উৎসাহ প্রদান;

(ঠ) ওয়ার্ড এলাকায় প্রাকৃতিক দুর্যোগ সম্পর্কে জনগণকে সচেতন করা;

(ড) ওয়ার্ড এলাকায় নিরাপদ পানি ব্যবহারের জন্য কুয়া, নলকূপ, জলাধার, পুকুর, দিঘী ও পানি সরবরাহের বিভিন্ন উৎস সংরক্ষণ এবং দূষণ রোধের ব্যবস্থা গ্রহণ;

(ঢ) ওয়ার্ড এলাকায় সার্বজনীন প্রাথমিক ও বয়স্ক শিক্ষা কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা প্রদান;

(ণ) ওয়ার্ড এলাকায় প্রাথমিক স্কুলগামী শিশুদের বিদ্যালয়ে প্রেরণের জন্য উদ্বুদ্ধকরণ;

(ত) ওয়ার্ড এলাকার কর, রেইট, টোল, ফি, ইত্যাদি প্রদানে জনগণকে উদ্বুদ্ধকরণ;

(থ) ওয়ার্ড এলাকার জনসাধারণের দারিদ্র বিমোচন, মানব সম্পদ উন্নয়ন, নারীর ক্ষমতায়ন, কর্মসংস্থান সৃষ্টির কাজে জনগণকে উদ্বুদ্ধকরণ; এবং

(দ) সরকার ও ইউনিয়ন পরিষদ কর্তৃক, সময় সময়, নির্দেশিত অন্যান্য কার্যাবলী সম্পাদন।

৮। **সংরক্ষিত আসনের সদস্যগণের অধিকার ও দায়বদ্ধতা।**—এই বিধিমালার বিধানাবলী প্রতিপালন করিবার নিমিত্ত আইনের ধারা ৩৮ এ বর্ণিত অধিকার ও দায়বদ্ধতা সংক্রান্ত বিধান প্রযোজ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবদুল মালেক**
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd